



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

গুলফেশী প্লাজা (৭ম তলা)  
৮ শহীদ সাংবাদিক সেলিমা পারভীন সড়ক  
বড় মগবাজার, রমনা, ঢাকা- ১২১৭।

এমআরএ/সার্কুলার লেটার নং- রেগ-১৭

তারিখ : ২৫ বৈশাখ ১৪২০ বাংলা  
০৮ মে ২০১৩ ইংরেজী

প্রধান নির্বাহী কর্মকর্তা  
সকল সনদপ্রাপ্ত ক্ষুদ্রখণ্ড প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

ক্ষুদ্রখণ্ড প্রতিষ্ঠানের পুঁজির সংজ্ঞা নির্ধারণ প্রসঙ্গে।

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি বিধিমালা, ২০১০ এর বিধি ২৮(ঙ) ও ২৯(ঙ) এর শর্তানুযায়ী কোন ক্ষুদ্রখণ্ড প্রতিষ্ঠান কর্তৃক স্বেচ্ছা আমানত ও মেয়াদী আমানত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মোট পুঁজির পৃথক পৃথকভাবে সর্বোচ্চ ২৫% পর্যন্ত গ্রহণ করার সুযোগ রয়েছে। কিন্তু মোট পুঁজির মধ্যে কোন্ কোন্ উপাদান (elements) অন্তর্ভুক্ত হবে সে বিষয় বিধিমালায় বিবৃত না থাকায় তা স্পষ্টীকরণের লক্ষ্যে পুঁজির সংজ্ঞা নিম্নে দেয়া হলো:

পুঁজি বলতে ক্ষুদ্রখণ্ড প্রতিষ্ঠানের ক্রমপুঞ্জিভূত উদ্ভৃত, বিধি ২০(১) অনুযায়ী সংরক্ষিত তহবিল, মূলধনী অনুদান, উদ্যোক্তা/সাধারণ পর্যবেক্ষণ সদস্যগণ কর্তৃক প্রদত্ত অফেরতযোগ্য চাঁদা ও বিধি ৪৪(২) অনুযায়ী নিয়মিত ঋগের বিপরীতে রক্ষিত সঞ্চিতিকে বুঝাবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(আবু ফরাহ মোঃ নাছের)

পরিচালক

ফোন : ৮৩৩৩৬৩৬

অনুলিপি নং- এমআরএ/রেগুলেশন-৯(৪)/২০১২-২০১৩- ২৪৫৮ (৮৭০)

তারিখ: ঐ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যরো, ঢাকা।
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৩. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৪. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন, ঢাকা।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ ইয়াকুব হোসেন)

উপ-পরিচালক

ফোন: ৮৩১৫৭৯৯